



স্ট্রীকে পাশে নিয়ে নিজেই গাড়ি চালিয়ে আগারগাঁওয়ে প্রধানমন্ত্রী



যানজটে আটকে আছে প্রধানমন্ত্রী তারেক রহমানের গাড়ি। ছবি: সংগৃহীত

নিজেই স্টিয়ারিং হাতে নিয়ে সচিবালয় থেকে আগারগাঁওয়ের উদ্দেশে রওনা দেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তার পাশে সামনের আসনে ছিলেন সহধর্মিণী ডা. জুবাইদা রহমান।

বুধবার (৬ মে) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে অফিসের কাজ শেষ করে তিনি রাজধানীর শেরেবাংলা নগরের বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে পৌঁছান। সেখানে বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রিটিভ সার্ভিস অ্যাসোসিয়েশন আয়োজিত এক অনুষ্ঠানে যোগ দেন।

প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব জাহিদুল ইসলাম রনি বিষয়টি নিশ্চিত করেছেন।

এদিকে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া এক ভিডিওতে দেখা যায়, কারওয়ান বাজারের সার্ক ফোয়ারা সিগন্যালে যানজটে আটকে আছে প্রধানমন্ত্রীর গাড়ি। সে সময় তিনি নিজেই গাড়ি চালাচ্ছিলেন এবং পাশে বসা ছিলেন তার স্ত্রী। সিগন্যালের অপেক্ষায় থাকাকালে আশপাশের মানুষের দিকে হাত নেড়ে শুভেচ্ছা জানান তিনি। পরে সিগন্যাল ছেড়ে দিলে গাড়িটি গন্তব্যের দিকে এগিয়ে যেতে দেখা যায়।